

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.৩০০.৯৯.০০২.১৮, ০৪/(১১৭২)


তারিখ: ১৯.০২.২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে তথ্যের গুরুত্ব সর্বাধিক। প্রাতিষ্ঠানিক তথ্য ভান্ডার যে কোন ব্যবস্থাপনাকে ফলপ্রসূ, দক্ষ ও সমৃদ্ধ করে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিচ্ছবি সকলের নিকট তুলে ধরে। উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে এ অধিদপ্তরে একটি আধুনিক ডকুমেন্টেশন সেন্টারের বাস্তবায়ন শুরু হয়েছে। পুনঃগঠিত ডকুমেন্টেশন সেন্টারে সংরক্ষণের নিমিত্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এ অধিদপ্তরের আওতাধীন ঐতিহাসিক এবং চলমান সকল কার্যক্রমের দলিলপত্র যেমনঃ দেশের প্রাথমিক শিক্ষার ক্রমবিবর্তনের ধারা, প্রাথমিক শিক্ষা আইন ও নীতি, পরিপত্র, নীতিমালা, প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি সমূহের প্রোগ্রাম ডকুমেন্ট, এ্যনুয়াল ওপারেশন প্ল্যান (এওপি), এ্যনুয়াল ওয়ার্ক প্ল্যান (এডরিউপি), নিয়োগবিজ্ঞপ্তি, গবেষণা প্রতিবেদন, পেপার কাটিং, সাময়িকী, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন সভা, সেমিনার, সিম্পোজিয়াম এবং প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের স্মারক, সংগৃহীত দলিলপত্র, প্রকাশনা, অনুষ্ঠান, উৎসবের স্থিরচিত্র ও ভিডিওচিত্র, ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ায় প্রচারিত সাক্ষাৎকার সমূহের হার্ডকপি এবং সেলের নিজস্ব ই-মেইল আইডিতে documentationcell.dpe@gmail.com সফট কপি নিয়মিতভাবে প্রেরণ করার অনুরোধ করা হলো।

২. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রকাশিত প্রাথমিক শিক্ষা সংক্রান্ত অন লাইন জার্নাল এবং উচ্চ গতির ইন্টারনেট সংযুক্ত কম্পিউটার সমৃদ্ধ উক্ত সংগ্রহশালা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরসহ মাঠপর্যায়ের সকল কর্মকর্তা এবং গবেষকদের ব্যবহারের সুযোগ রয়েছে।

৩. এ সংক্রান্ত যে কোন প্রয়োজনে জনাব মুহাম্মদ ফজলে এলাহী, গবেষণা কর্মকর্তা, ডকুমেন্টেশন সেল এর সাথে ০১৭১১৯৭৫৮৩৫ নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।



ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

স্মারক নং ৩৮.০১.০০০০.৩০০.৯৯.০০২.১৮, ০৪/(১১৭২)

তারিখ: ১৯.০২.২০১৮ খ্রিঃ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, নেপ, ময়মনসিংহ।
- ২। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৪। সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা। (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৬। বিভাগীয় উপপরিচালক (সকল), বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস।
- ৭। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার(সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিস।
- ৯। সুপারিনটেনডেন্ট (সকল), পিটিআই।
- ১০। উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা শিক্ষা অফিস।
- ১১। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল), উপজেলা রিসোর্স সেন্টার।
- ১২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ১৩। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ১৪। অফিস কপি।


মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক
স্বাধারণ প্রশাসন, প্রশিঅ



২০১৮.০২.১৯
২২/২/১৮